# ANNUAL REPORT 2021 - 22

**Banga Sanskriti Bhawan**
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110 001
Phone : - 23344808 / 23746315
Email:- bengalassociation1819@gmail.com
Website:- www.bengalassociation.com

10.05.2022

# NOTICE

**Sub: Annual General Body Meeting**
**(Bengal Association)**

In pursuance of rule 9 (b) (1) of the Memorandum of Association & Rules of Bengal Association, notice is hereby given for holding the 47th Annual General Body Meeting on Sunday, the **19th June, 2022** at **6.00 p.m.** at **Muktadhara, Banga Sanskriti Bhavan, 18-19 Bhai Veer Singh Marg, Gole Market, New Delhi-110001** to transact business as per the following agenda:-

AGENDA

1. Confirmation of the minutes of the Last Annual General Meeting held on 29th August 2021.
2. Consideration and Adoption of General Secretary's Report on the progress and achievements of the Association during 2021-2022.
3. Consideration and passing of Annual Accounts for the year 2021-2022 and the Auditor's Report thereon.
4. Declaration of Result of Election of thirty-three members of the Executive Committee for the term 2022-2025.
5. Appointment of Auditor for the period of 2022-2025.
6. Amendment to Memorandum of Association & Rules of Bengal Association, if any.
7. Any other item with the permission of the Chair.

**Kindly make it convenient to attend the meeting.**

BENGAL ASSOCIATION ESTD. 1955 NEW DELHI

(Tapan Sengupta)
General Secretary

The General Secretary's Report will be available at venue on the Meeting Day. However, a copy of the Report will be available at Association's office.

If quorum is not completed by the scheduled time, the meeting shall be adjourned for fifteen minutes and thereafter the meeting will commence.

The Meeting will be conducted as per the Guidelines of competent Govt. Authority for COVID-19. Wearing of Mask by all members are mandatory for attending the meeting.

BENGAL ASSOCIATION ESTD. 1955 NEW DELHI

(Tapan Sengupta)
General Secretary

C.C. to – **The Registrar Societies, New Delhi**
C.C. to – **Sub Divisional Magistrate, New Delhi**

# বাৎসরিক বিবরণ

# ২০২১-২২

## সাধারণ সম্পাদকের নিবেদন

মাননীয় সভাপতি ও সদস্যগণ,

বিগত দুই বছরের মহামারীর প্রকোপ প্রায় কাটিয়ে আমরা আবার স্বাভাবিক জীবনে ফিরতে পেরেছি এবং আবার বেঙ্গল অ্যাসোসিয়েশন নতুন ভাবে বিভিন্ন প্রকল্পকে বাস্তবায়িত করতে সক্ষম হয়েছে তার জন্য আমরা কৃতজ্ঞ। বেঙ্গল অ্যাসোসিয়েশনকে অগ্রগতির পথে এগিয়ে নিয়ে যাবার লক্ষ্যে এবং আমাদের প্রতিশ্রুতি পালনে আপনাদের পূর্ণাঙ্গ সমর্থন ও অংশগ্রহণ আমাদের কাজকে নিঃসন্দেহে অনেক সহজ করে দিয়েছে। এখন আমি আপনাদের কাছে ২০২১-২২ সালের বর্তমান কার্যকরী সমিতির কাজের খতিয়ান পেশ করছি।

## সংস্থার সামগ্রিক উন্নয়নমূলক কাজের কথা

আমাদের সারা বছরের সমস্ত রকম কাজকর্ম ও যোগাযোগ ব্যবস্থা 'মুক্তধারা', 'বঙ্গ সংস্কৃতি ভবন' ১৮-১৯, ভাই বীর সিং মার্গ, নতুন দিল্লি। আমি নিজে বিদায়ী সাধারণ সম্পাদক হিসেবে বর্তমান কার্যকরী সমিতির প্রতিটি সদস্যের নিয়মিত সহযোগিতা ও পরামর্শের জন্য তাঁদের কাছে কৃতজ্ঞ, যা আমাকে সারা বছরের কাজে উৎসাহ যুগিয়েছে।

বিশেষত সভাপতি, সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, অতিরিক্ত সাধারণ সম্পাদক, যুগ্ম-সম্পাদক ও অন্যান্য সদস্যরা তাঁদের নিজ নিজ কাজের মাধ্যমে এই সংগঠনের উদ্দেশ্য ও প্রতিশ্রুতি পালনে যে সময় ও শ্রম প্রদান করেছেন তার জন্য তাঁরা ধন্যবাদার্হ।

এই বছরে অ্যাসোসিয়েশনের নিয়মিত অনুষ্ঠানগুলি যেমন বঙ্গ সংস্কৃতি উৎসব, সিনেউৎসব, বইমেলা, সেরা বাঙালি সম্মানপ্রদান উৎসব, বর্ষ বিদায় বর্ষ বরণ, রবীন্দ্র জয়ন্তী, আন্তর্জাতিক নারী দিবস ইত্যাদি অনুষ্ঠানের মাধ্যমে আমরা অনেক দূর দূরান্তের নতুন ও পুরনো বন্ধুদের কাছে পেয়েছি এবং তাঁদের উৎসাহে আমরাও উজ্জীবিত হয়েছি।

## সদস্য-ভুক্তি

আপনারা জেনে খুশি হবেন যে ইদানিং আমাদের কাজের বিস্তৃতির ফলে বিভিন্ন রকম কাজের উৎসাহে অনেক নতুন সদস্য-ভুক্তি সম্ভব হয়েছে। আমি আপনাদের সকলের কাছেই আবেদন রাখতে চাই যে দিল্লিতে সম-মনস্ক ও সক্ষম বহু বাঙালি আছেন যাঁরা এখনও আমাদের সদস্য হননি কিংবা আমরা তাঁদের কাছে পৌঁছতে পারিনি। এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা খুবই কার্যকরী হবে বলে বিশ্বাস, যাতে আপনারা নিজ নিজ বৃত্তে আরও বেশি যোগাযোগ স্থাপন করতে পারেন। আপনারা জানেন যে বেঙ্গল অ্যাসোসিয়েশন-এর ইতিহাসে এই প্রথম প্রতিটি সদস্যের সচিত্র-পরিচয় পত্র বা কার্ড গত বছরে চালু করা হয়েছে, যার অধিকাংশই বিতরণ করা হয়ে গেছে। বর্তমানে আমাদের সদস্যসংখ্যা প্রায় ১৪০০।

## প্রয়াণ সংবাদ

১. জয়ন্তী চট্টোপাধ্যায়
২. রিণি মুখার্জী
৩. অরুণ চক্রবর্তী
৪. মণিরত্ন মুখোপাধ্যায়
৫. গৌতম ভট্টাচার্য

এঁদের প্রয়াণে আমরা গভীর শোকসন্তপ্ত। এছাড়া অ্যাসোসিয়েশনের অন্য সদস্য যাঁদের প্রয়াণসংবাদ আমরা পাইনি তাঁদেরও আত্মার শান্তিকামনা করি।

## শিক্ষা

বেঙ্গল অ্যাসোসিয়েশন-এর মূল ধারার কর্মযোজনায় অর্থনৈতিকভাবে অনগ্রসর এলাকার শিশুদের শিক্ষা-সহযোগিতার জন্য যে পদক্ষেপ চালু করা হয়েছিল আমরা সেই কাজের সার্থক রূপায়নে সর্বদাই সজাগ ও কর্মরত আছি। আমাদের প্রধান উদ্দেশ্য দেশের দরিদ্র শিশুদের জন্য সমান শিক্ষার সুযোগ করে দেওয়া যাতে তারা পরবর্তী জীবনের কর্মক্ষেত্রে স্বনির্ভর হয়ে উঠতে পারে। মহামারীর প্রকোপ কাটিয়ে আবার আমরা সেই কর্মে নিজেদের নিয়োজিত করতে পেরেছি।
বৎসরব্যাপী নিয়মানুবর্তিতা ও যোগ্যতার মাপকাঠিতে তাদের উপযুক্ত পরিমাণ সাহায্য হাতে তুলে দিতে পারার ব্যাপারে আমরা সচেষ্ট রয়েছি।

## শিল্প ও সংস্কৃতি

গত আট বছর থেকে আমরা বাংলা বৎসরান্তে 'বর্ষবিদায় ও বর্ষবরণ' অনুষ্ঠানের আয়োজন শুরু করেছি। নাট্য কর্মশালা, বিশ্ব নাট্যোৎসব, ইত্যাদি উপলক্ষ্যে অনুষ্ঠানের আয়োজন করেছি, যেখানে অনেক প্রখ্যাত শিল্পী ও বক্তারা অংশ নিয়ে অনুষ্ঠানটিকে সাফল্যমন্ডিত করেছেন।

## সিনে উৎসব

বেঙ্গল অ্যাসোসিয়েশন প্রতি বছর বাংলা সিনে উৎসব পালন করছে।এবছরএই অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করে তোলার জন্য সমস্ত রকম ভাবে পরিকল্পনা নেওয়া হয়েছিল।এবছর অতিমারীর পর বিভিন্ন ধরণের প্রতিকূলতা অনুষ্ঠান করার পথে বাধা হয়ে দাঁড়িয়েছে। ফলস্বরূপ পূর্ব নির্ধারিত সময়ে উৎসব করতেবার বার বাধা পেয়েও এই সময়ে উৎসবের দিন নির্ধারণ করতে সক্ষম হয়েছি। গত ১১-১৩ই মার্চ ২০২২ বেঙ্গল অ্যাসোসিয়েশন আয়োজিত পঞ্চদশ সিনে উৎসব সফল হয়েছে।উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চে উপস্থিত ছিলেন ভারতের প্রথম লোকপাল বিচারপতি পিনাকী চন্দ্র ঘোষ মহাশয়। এবারের অনুষ্ঠানের প্রধান অতিথি এবং ব্র্যাণ্ড আম্ব্যাস্যাডার হিসাবে উপস্থিত ছিলেন বাংলা তথা ভারতীয় সিনেমার বিশিষ্ট আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন অভিনেত্রী শ্রীমতী পাওলি দাম, উপস্থিত ছিলেন তনুশ্রী চ্যাটার্জি এবং সিনে জগতের অনেক গুণীজন।

## বিজয়া সম্মেলনী

প্রতি বছরের মতো এবছরও অ্যাসোসিয়েশন বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজার পর 'বিজয়া সম্মেলনী'-র আয়োজন করেছে। এই দিনটিতে আমরা দৈনন্দিন গতানুগতিকতার বাইরে এসে উদার মনে শত্রু-মিত্র নির্বিশেষে সকলের সাথে শুভেচ্ছা বিনিময় এবং মিষ্টিমুখের মাধ্যমে নিজেদের মধ্যে সৌভ্রাতৃত্ববোধ অটুট রাখার সুযোগ পাই।

## সেরা বাঙালি সম্মান পুরস্কার

২০২২ সাল থেকে বেঙ্গল অ্যাসোসিয়েশন দিল্লিতে প্রথম শুরু করেছে দিল্লির কৃতি বাঙালিদের পুরস্কৃত করার জন্য সেরা বাঙালি সম্মান প্রদান অনুষ্ঠান। বইমেলার শেষ দিন মুক্তধারা মঞ্চে এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দিল্লির বহু বিশিষ্ট গুনীজন।এইবছর সেরা কৃতি বাঙালি পুরস্কারে ভূষিত

হলেন বিদুষী কৃষ্ণা (চক্রবর্তী) বিস্ট (সঙ্গীত), পদ্মশ্রী বিমান বিহারী দাস (ভাস্কর্য) শ্রী মদন ভঞ্জ (শিল্প ও বাণিজ্য) শ্রী শঙ্কর ভাণ্ডারী (সমাজসেবা) শ্রী দুর্বার গাঙ্গুলী (সাংবাদিকতা ও প্রকাশনা) শ্রী কুশল দাস (ক্রীড়া) শ্রী দেবাশীষ বাগচী (সাহিত্য) শ্রী গৌতম হোড় (সাংবাদিকতা) শ্রী অহীন্দ্র চক্রবর্তী (শিক্ষা) ডঃ তুষার রায় ( চিকিৎসা)। এই অনুষ্ঠানের সম্মাননা প্রদানের জন্য মঞ্চে উপস্থিত ছিলেন সাহিত্যিক ও ভাষাবিদ শ্রী পবিত্র সরকার।

## বিশ্বনাট্য দিবস

গত ১০ইএপ্রিল, ২০২২ বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি আয়োজন করেছিল আন্তর্জাতিক বিশ্ব নাট্য দিবস উপলক্ষে বিশেষ নাট্যোৎসব। দিল্লির পনেরোটি বাংলা নাট্যদল এই উৎসবে অংশগ্রহণ করেছিল।

## রবীন্দ্র জয়ন্তী

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি প্রতি বছরের মতো এবছর মহামারীশেষে আবার আগের মতই কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২তম জন্মদিবস পালন উপলক্ষ্যে চিরাচরিত ভাবে রবীন্দ্র ভবন প্রাঙ্গনে প্রভাতী অনুষ্ঠানের আয়োজন করেছে।গত ৮ই মে, রবিবার ২০২২ সময় সকাল ৬টা ৩০মিঃ থেকে দুপুর ১২টা পর্যন্ত এই অনুষ্ঠান চলেছে। দিল্লি ও পার্শ্ববর্তী অঞ্চলের প্রায় তিনশ শিল্পী এই অনুষ্ঠানে কবির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

## দিগঙ্গন সাহিত্য পত্রিকা

সম্প্রতি বেঙ্গল অ্যাসোসিয়েশন-এর 'দিগঙ্গন' সাহিত্য-পত্রিকার সম্পাদকমন্ডলীতে গত বছর থেকে কিছু রদবদল করা হয়েছে এবং এই কাজে কী ভাবে আরও উন্নয়ন সম্ভব তার চিন্তা ভাবনাও চলছে। দিগঙ্গনের প্রতিটি সংখ্যা যাতে উৎকর্ষতা বজায় রাখতে পারে এবং সময়মত প্রকাশিত হয় সে ব্যাপারেও সম্পাদকমন্ডলীর দৃষ্টি থাকছে। আমরা এই বছর নানা বিধ প্রতিকূলতা থাকা সত্ত্বেও বইমেলা সংখ্যা যথা সময়ে প্রকাশ করতে সক্ষম হয়েছি। এর জন্য আমরা কার্যকরী সমিতির পক্ষ থেকে দিগঙ্গন পত্রিকার বর্তমান সম্পাদক ব্রততীসেনগুপ্ত এবং সম্পাদকমণ্ডলীর সকলকে জানাই অভিনন্দন ও শুভেচ্ছা।

## অ্যাসোসিয়েশন সংবাদ

'অ্যাসোসিয়েশন সংবাদ' এখন থেকে শুধুমাত্র বেঙ্গল অ্যাসোসিয়েশন-এর নয়, সমস্ত দিল্লি ও পার্শ্ববর্তী অঞ্চলের সকল বাঙালি সংস্থাগুলির প্রচার মাধ্যম হয়ে উঠেছে।আপনাদের সকলের কাছে নিবেদন আপনারা নিজের নিজের এলাকার সংবাদ আমাদের কাছে পাঠিয়ে দিলে সময়মত সেটি আমরা প্রকাশের বন্দোবস্ত করতে পারবো।এছাড়াও প্রতিমাসের ৫ থেকে ৮ তারিখের মধ্যে এটি আমরা আমাদের ওয়েব সাইট www.bengalassociation.com-এ নিয়মিত প্রকাশ করি এবং বেঙ্গল অ্যাসোসিয়েশনের ফেসবুক পেজে আপলোড করা হয় যাতে আপনারা ঘরে বসেই এটি পড়ে নিতে পারেন।

এই বছর বেঙ্গল অ্যাসোসিয়েশনের আগের ওয়েবসাইটটি www.bengalassociation.com পুনর্নির্মাণ করা হয়েছে যেখানে অ্যাসোসিয়েশনের বিগত এবং আগামী দিনের সমস্ত অনুষ্ঠানের বিবরণ সাজিয়ে দেওয়া আছে। যেখান থেকে আপনারা সহজেই আমাদের সব অনুষ্ঠানের সম্পর্কে জানতে পারবেন।

## বইমেলা

প্রতি বছরের মত এবছরেও আমরা বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে বই মেলার আয়োজন করে ছিলাম। এবারের উনবিংশ বই মেলা ও সাহিত্য উৎসবগত ২৪শে মার্চ থেকে ২৭শে মার্চ ২০২২ বেঙ্গল অ্যাসোসিয়েশন আয়োজিত বাংলা বইমেলা ও সাহিত্য উৎসবের আয়োজন করা হয়েছিল বঙ্গ সংস্কৃতি ভবনে। বইমেলা ও সাহিত্য উৎসব অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন প্রখ্যাত সাহিত্যিক এবং ভাষাবিদ শ্রী পবিত্র সরকার মহাশয়। এছাড়া বিশেষ অতিথি ছিলেন কবি সুবোধ সরকার। ২৪শে মার্চ বৃহস্পতিবার সন্ধ্যা ৬টায় মুক্তধারা মঞ্চে এই মেলার উদ্বোধন হয়। এই বছর বইমেলা ও সাহিত্য উৎসব অনুষ্ঠানের সাংস্কৃতিক মঞ্চ উৎসর্গিত হয় শ্রদ্ধেয় সাহিত্যিক মণিরত্ন মুখোপাধ্যায়, সাহিত্যিক জয়ন্তী অধিকারী, রিনি মুখার্জীর স্মরণে। এছাড়া মেলা প্রাঙ্গণের বিভিন্ন পথ উৎসর্গিত হয় কবি অলোকরঞ্জন দাসগুপ্ত এবং সঙ্গীত শিক্ষক ও রবীন্দ্র বিশেষজ্ঞ সুধীর চন্দর নামানুসারে। মুক্তধারা মঞ্চে এবং সভাগৃহে কবিতাপাঠের আসর, গল্প পাঠের আসর এবং বিভিন্ন সাহিত্য সম্বন্ধীয় আলোচনা হয়েছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি রূপে উপস্থিত ছিলেন সাংবাদিক শ্রী

জয়ন্ত ঘোষাল ও বরিষ্ঠ সাংবাদিক শ্রী কিংশুক নাগ মহাশয়। এছাড়া দিল্লির ও কলকাতার বেশ কিছু কবি, সাহিত্যিককে তাঁদের দীর্ঘদিনের সাহিত্যিক জীবনের সফলতার জন্য এবং ভবিষ্যতে এই কাজের জন্য উৎসাহিত করতে বিশেষ সম্বর্ধনা প্রদান করা হয়। সম্বর্ধিত হন লেখক শ্রী সৈয়দ হাসমত জালাল, দিল্লির বর্ষীয়ান কবি শ্রী গৌতম দাশগুপ্ত এবং ডঃ মুন্সী মহম্মদ ইউনুস। লেখক সম্মান প্রদান করা হয় ডঃ ইন্দিরা দাশ, সাংবাদিক শ্রী সমৃদ্ধ দত্ত ও শ্রী সৌরাংশু সিংহকে। তাঁদের প্রত্যেককে জানাই আমাদের অভিনন্দন। এছাড়া বইমেলায় যে সব প্রকাশক এবং পুস্তক বিক্রেতা, দর্শক, অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন তাঁদের জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

আপনাদের সকলের সমবেত সহযোগিতায় এই অনুষ্ঠান সাফল্যমণ্ডিত হয়েছিল। এজন্য সকলকে জানাই ধন্যবাদ ও অভিনন্দন।

## সমাজসেবামূলক কাজ

### নারী ও শিশু কল্যাণ

আমাদের মত সংগঠনের উন্নয়নমূলক কাজের মধ্যে আজকের নারীদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তোলার দিকে নজর দেওয়া উচিত। আমাদের সম্মানীয়া মহিলা সদস্যারা নিজেরাই বিভিন্ন স্তরের মহিলাদের সমস্যা নিয়ে আলোচনা করার জন্য মাঝে মাঝে মিলিত হন এবং তাঁদের উন্নয়নে শিক্ষা প্রদান ও আইনী পরামর্শের ব্যবস্থা করে থাকেন।

এছাড়া দিল্লির বিভিন্ন স্থানে স্বাস্থ্যশিবির, বরিষ্ঠ নাগরিকদের সাহায্যার্থে প্রযুক্তিবিদ্যার সঠিক ব্যবহার সম্পর্কে বিশেষ প্রশিক্ষণ, ও আরও নানা ধরণের শিক্ষামূলক অনুষ্ঠানের আয়োজন করার প্রয়াস আছে।

### মদনপুর খাদারে বেঙ্গল অ্যাসোসিয়েশন প্রাথমিক বিদ্যালয়

আপনারা তো জানেনই যে, বেঙ্গল অ্যাসোসিয়েশন তাদের নিয়মিত কর্মসূচিতে সমাজের দরিদ্র শিশুদের শিক্ষা খাতে অনুদানের ব্যবস্থা রেখেছে, যার উল্লেখ আগেও করা হয়েছে। এ জন্য প্রান্তিক দিল্লির মদনপুর খাদারে অর্থনৈতিক ভাবে অনগ্রসর পরিবারের শিশুদের বাংলা শেখানোর উদ্দেশ্যে একটি বিদ্যালয় স্থাপন করা হয়েছে। বাংলা ভাষার প্রচার ও প্রসারকল্পে এই পরিকল্পনা নেওয়া হয়েছে। বর্তমানে তিনজন শিক্ষিকা ও ৬৫টি জন ছাত্র-ছাত্রী পড়াশোনা করছে।

## আগামীর কর্মসূচি ও ভবিষ্যৎ পরিকল্পনা – ২০২০

১)দিল্লিতে বয়স্কদের জন্য ওল্ড এজ হোম - দিল্লিতে বয়স্কদের জন্য ওল্ড এজ হোম তৈরী করার একটি পরিকল্পনা আমাদের রয়েছে। এই উদ্দেশ্যে নগর উন্নয়ন এবং দারিদ্র্য দূরীকরণ মন্ত্রণালয় ও সামাজিক ন্যায় ও সশক্তিকরণ মন্ত্রণালয়ের সঙ্গে ফলপ্রসূ আলোচনা করা হয়েছে।

২) মেডিক্যাল ক্যাম্প – আজকের দিনে চিকিৎসা খরচ এত বেশি যে অর্থনৈতিকভাবে অনুন্নত শ্রেনীর মানুষের পক্ষে তাঁদের এই দায়ভার অত্যন্ত কঠিন হয়ে পড়ে। আমাদের সাধ্যমত প্রচেষ্টায় সেই সব এলাকায় মাঝে মাঝে মেডিক্যাল ক্যাম্পের আয়োজন করে তাদের এই সহযোগিতাটুকু পৌঁছে দেবার বন্দোবস্ত করার পরিকল্পনা রয়েছে। এবছর আমরা বিভিন্ন এলাকায় এবং বাংলা মাধ্যমের স্কুলে ৪টি স্বাস্থ্য শিবিরের আয়োজন করেছি।

৩) **আর্থিক অস্বচ্ছল বহিরাগত বাঙালিদের জন্য দিল্লিতে থাকার বন্দোবস্ত** – যেকোন বহিরাগতের জন্য দিল্লিতে হোটেল খরচ অত্যন্ত বেশি। সেই অবস্থায় চিকিৎসা বা অন্য কোন বিশেষ প্রয়োজনে দিল্লিতে আসার আগে সামর্থ বা সহযোগিতার অভাব থাকলে কোন বাঙালি যদি আমাদের সঙ্গে যোগাযোগ করেন তাহলে স্থানীয় কালীবাড়ির অতিথিশালায় ভর্তুকি সাপেক্ষে সেই সুযোগটুকু করে দেওয়ার কথা ভাবা হচ্ছে।

৪) **আমাদের অনুমোদিত স্কুলে ছাত্রবৃত্তি** - আমাদের অনুমোদিত স্কুলগুলির প্রত্যেকটিতে অন্তত একজন দরিদ্র ছাত্র বা ছাত্রীর শিক্ষা খরচ বহন করার পরিকল্পনা রয়েছে।

৫) **বয়স্ক শিক্ষাকেন্দ্র** – আমাদের মনে হয়েছে দিল্লির পার্শ্ববর্তী দ্বারকা, রোহিনী, সীমাপুরী ইত্যাদি অঞ্চলে অনেক দরিদ্র বাঙালি অক্ষর-জ্ঞানহীনতার জন্য রিক্সা চালানো, সবজি বিক্রি করা কিংবা ঘরের কাজকর্ম ইত্যাদির মাধ্যমে জীবিকা নির্বাহ করে থাকেন। তাদের অনেকেই শিক্ষা-সহযোগিতা পেলে আত্মবিশ্বাস ও উন্নততর জীবন পেতে পারেন, তাই সে দিকেও আমরা নজর দিতে চাই।

৬) **অ্যাসোসিয়েশনের নতুন শাখার প্রসারকল্পে**

আমাদের কাছে কলকাতা ও গুরগাঁও থেকে বিভিন্ন বিশিষ্ট ব্যক্তি এবং আজীবন সদস্যদের কাছ থেকে অনুরোধ এসেছে যে সেখানে বাংলা ভাষার প্রচার ও প্রসারের কাজকে উন্নত করার জন্য

একটি করে নতুন শাখা স্থাপন করা। আমরা এ ব্যাপারে আলোচনা করে তার জন্য পদক্ষেপ গ্রহণ করতে পারি।

## বাৎসরিক আর্থিক বিবরণী

আমাদের ১লা এপ্রিল, ২০২১ থেকে ৩১ মার্চ, ২০২২ পর্যন্ত বাৎসরিক আর্থিক আয়-ব্যয়ের ব্যালেন্স শিট সহ সকল হিসাব ও নথিপত্র এবং বিশেষজ্ঞ-হিসাব পরীক্ষকের মন্তব্য সহ রিপোর্ট [Auditor's Report and Observations] আপনাদের কাছে পৌঁছে গিয়েছে এবং সে বিষয়ে আলাদা ভাবেই আলোচনা হবে। এখানে আনন্দের সঙ্গে আমি জানাতে চাই যে, আমাদের সকল শুভানুধ্যায়ী ও সদস্যের কর্মতৎপরতায় আমরা এ বছর নানাধরণের প্রতিকূলতার মধ্যেও আমরা আমাদের বিভিন্ন উন্নয়নমুলক কাজ করতে সক্ষম হয়েছি।

আমি, সাধারণ সম্পাদক হিসেবে মাননীয় সভাপতি, সহ সভাপতি, অতিরিক্ত সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষ, এবং সকল যুগ্ম-সম্পাদকসহ নবনিযুক্ত পরিচালন-কমিটির সকল দায়িত্বশীল সদস্যকে বেঙ্গল অ্যাসোসিয়েশন- এর পক্ষে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। আমি আমাদের মাননীয় হিসাব-পরীক্ষক নাগ মল্লিক অ্যাসোসিয়েটসকে এই কাজ পুঙ্খানুপুঙ্খ রূপে করার জন্য ধন্যবাদ জানাই। আমাদের সকল বন্ধু-সদস্যদের কাছে আবেদন রাখতে চাই যে, আমরা আগামীতে আরও বলিষ্ঠ ও সতর্ক পদক্ষেপে বেঙ্গল অ্যাসোসিয়েশনকে যেন আরও বৃহদাকার আর্থিক দৃঢ়তায় প্রতিষ্ঠিত করতে পারি।

## স্বীকৃতি ও ধন্যবাদ জ্ঞাপন

আমি বিভিন্ন সংস্থা ও ব্যক্তিসাধারণকে সামগ্রিকভাবে ধন্যবাদ জানাতে চাই বৎসরব্যাপী কাজে সমস্ত রকম সহযোগিতা ও সাহচর্য দিয়ে আমাদের সকল কর্ম প্রচেষ্টাকে সাফল্যমণ্ডিত করার জন্য। তাঁদের ভরসা ও নির্ভরতাই আমাদের কর্ম-প্রেরণার মূল উৎস। এবছর ২০২২-২৫ সালের নবগঠিত কর্মসমিতি নির্বাচনের রিটার্নিং অফিসার নিযুক্ত করা হয়েছিল প্রাক্তন সাংবাদিক শ্রী রাজা চ্যাটার্জিকে। এই কাজ সফল ভাবে করার জন্য তাঁকে অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে জানাই শুভেচ্ছা ও অভিনন্দন।

বেঙ্গল অ্যাসোসিয়েশন-এর পক্ষ থেকে আমি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই পশ্চিমবঙ্গ সরকার উচ্চ শিক্ষা দপ্তর, (সামাজিক শিক্ষা শাখা কলকাতা), মুখ্য রেসিডেন্ট কমিশনার, তথ্য ও সংস্কৃতি বিভাগ,

নতুন দিল্লি (পশ্চিমবঙ্গ সরকার) সাহিত্য আকাদেমি, সঙ্গীত নাটক আকাদেমি, ও ললিতকলা আকাদেমিকে যাঁরা নানারকম সাংস্কৃতিক সহযোগিতা দিয়ে আমাদের সর্বদা উৎসাহ বৃদ্ধি করেছেন। ধন্যবাদ জানাই অংশগ্রহণকারী সকল সাংস্কৃতিক সংস্থাকেএবং বিভিন্ন প্রতিষ্ঠান ও স্কুলগুলিকে তাঁদের সহযোগিতা ও নানারকম অনুষ্ঠানে অংশ নেবার জন্য। ধন্যবাদ জানাই Govt. of NCT of Delhi, Delhi Kalyan Samity ও Department of Art & Cultural & Languages, Govt. of NCT Delhi-কে।

ধন্যবাদ জানাই বিভিন্ন স্পনসর/বিজ্ঞাপন দাতাদের, আমাদের বিশিষ্ট গুণীজনদের যাদের আর্থিক সাহায্য ছাড়া আমরা কোন কাজই করতে পারতাম না।

উচ্চশিক্ষা পর্ষদ, পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগ, সংস্কৃতি মন্ত্রণালয়, ভারত সরকারের, বিভিন্ন সহযোগী সংস্থা এবং বিজ্ঞাপন ও অনুদান দাতাদের প্রতি রইলো আমাদের আন্তরিক কৃতজ্ঞতা। আমি ব্যক্তিগতভাবে বেঙ্গল অ্যাসোসিয়েশন-এর প্রত্যেক সদস্য বন্ধুদের জানাই ধন্যবাদ, প্রতিটি পদক্ষেপে সমস্ত রকম সাহচর্য দিয়ে আমাকে কর্তব্য ও প্রতিশ্রুতি পালনে উৎসাহিত করার জন্য।

যাঁরা আজ এই সভায় উপস্থিত হয়েছেন তাঁদের সকলকে জানাই আমার কৃতজ্ঞতা ও ধন্যবাদ । শুধু এই সভায় উপস্থিত থাকার জন্যই নয়, নানাকাজে সদাসর্বদা আমাদের পাশে থেকে বিভিন্ন পরামর্শ ও সহায়তা দিয়ে এই সংস্থাকে উন্নততর স্থানে প্রতিষ্ঠিত করার জন্য। নমস্কার।

তপন সেনগুপ্ত

সাধারণ সম্পাদক

**BENGAL ASSOCIATION**
**18-19, BHAI VEER SINGH MARG, GOLE MARKET, NEW DELHI -110001**
**BALANCE SHEET AS ON 31ST MARCH 2022**

| LIABILTIES | | AMOUNT | ASSETS | | AMOUNT |
|---|---|---|---|---|---|
| **Capital account:-** | | | **Fixed Assets:-** | | |
| | | | Fixed Assets | 99797.28 | |
| Capital Fund | 3019079.53 | | Less:Dep. For the year | 12281.00 | 87516.28 |
| Add : 15% Surplus | 93958.00 | 3113037.53 | | | |
| Accumulated Reserve | 12309677.83 | | **Current Assets:-** | | |
| Add: 85% Surplus | 532428.04 | 12842105.87 | | | |
| | | | Cash in hand | 34651.00 | |
| | | | Cash at Bank | 1827075.39 | 1861726.39 |
| Current Liabilities | | 1929.00 | | | |
| | | | Loans & Advances | | 341539.00 |
| | | | Investments | | 13601986.00 |
| | | | Interest Accrued | | 64324.75 |
| | | 15957072.40 | | | 15957072.40 |
| | | | | | 0.00 |

**As per our separate Audit Report of Even date attached**

for **Nag Mallik & Associates**
Chartered Accountant

**Mihir Kumar Nag**
**(Proprietor)**
**Membership No.:081833**
**FRN.: 05166N**
**Place: New Delhi**
**Date : 12.05.2022**
**UDIN : 22081833AIVLAL8311**

for Bengal Association

**Treasurer** **Secretary**

**BENGAL ASSOCIATION**
**18-19, BHAI VEER SINGH MARG, GOLE MARKET, NEW DELHI -110001**
**Income & Expenditure A/c for the year ended 31st March 2022**

| Expenditure | | Amount | Income | | Amount |
|---|---|---|---|---|---|
| **Association Sangbad** | | | **Advertisement** | | |
| Printing & Stationary - Sangbad | 12500.00 | 12500.00 | Advt. - Digangan | 10000.00 | 10000.00 |
| **Boi Mela Expenses** | | | **Boi Mela Receipt** | | |
| Audio & Video Visual Charges - Boi Mela | 16000.00 | | Donation-Boi Mela | 140593.00 | 140553.00 |
| Awards, Prizes and Gifts - Boi Mela | 26055.00 | | **Banga Sanskriti Utsav Fund** | | |
| Cartage- Boi Mela | 6257.00 | | Donation - BSU | 976250.00 | 976250.00 |
| Conveyance Boi Mela | 9876.00 | | **Donation** | | |
| Guest House Booking-Boi Mela | 36100.00 | | Donation - Org | 960940.00 | |
| Honorarium - Boi Mela | 96000.00 | | Donation (WTD) | 11000.00 | 971940.00 |
| Honorarium to Artist (Boi Mela) | 111003.00 | | **Other Income** | | |
| Infrastructure - Boi Mela | 59000.00 | | Bank Interest | 73321.00 | |
| Labour Charges-Boi Mela | 14700.00 | | F.D. Interest Rec | 686343.00 | |
| Mis Expenses - Boi Mela | 3450.00 | | Misc Receipt | 7600.00 | |
| Photography Charges - Boi Mela | 6480.00 | | Sale of Patrika | 900.00 | 768164.00 |
| Postage - Boi Mela | 180.00 | | **Subscription** | | |
| Printing & Stationary-Boi Mela | 128738.00 | | Annual Subscription | 19000.00 | |
| Refreshment - Boi Mela | 51175.00 | | Membership - Digangan | 21000.00 | |
| Security Charges (Boi Mela) | 8400.00 | | Membership - Organisational | 65000.00 | 105000.00 |
| Sound & Light - Boi Mela | 14000.00 | | | | |
| Traveling Exp. (Boi Mela) | 135759.00 | 684073.00 | | | |
| **Banga Sanskriti Utsav Expenses** | | | | | |
| Conveyance - BSU | 30978.00 | | | | |
| Gift & Award - BSU | 9410.00 | | | | |
| Guest House Booking - BSU | 61950.00 | | | | |
| Honorarium - BSU | 20000.00 | | | | |
| Infrastructure - BSU | 50000.00 | | | | |
| Misc Expenses - BSU | 7925.00 | | | | |
| Other Misc Expenses - BSU | 12590.00 | | | | |
| Photography Charges - BSU | 7740.00 | | | | |
| Printing & Stationary - BSU | 130664.00 | | | | |
| Refreshment - BSU | 25864.00 | | | | |
| Security Charges - BSU | 10400.00 | | | | |
| Traveling Expenses - BSU | 167701.00 | 535122.00 | | | |
| **Cultural Activities** | | | | | |
| Baishey Shravan | 4500.00 | | | | |
| Bijoya Sammelan | 27200.00 | | | | |
| Cultural Activities | 28175.00 | | | | |
| World Theater Day | 9824.00 | 69699.00 | | | |
| **Digangan Expenses** | | | | | |
| Printing & Stationary - Dig | 107960.00 | 107960.00 | | | |
| **Education Activities** | | | | | |
| Award, Prizes and Scholarship | 100000.00 | | | | |
| Honorarium (School) | 85600.00 | | | | |
| School Expenses | 6500.00 | | | | |
| School Rent | 10000.00 | 202100.00 | | | |
| **Organisational Activities** | | | | | |
| Conveyance - Org | 75481.00 | | | | |
| Courier Charges | 13610.00 | | | | |
| Honorarium | 366000.00 | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Meeting (E.C & G.B | 5747.00 | | | | |
| Office Exp. | 25497.00 | | | | |
| Postage -Org | 2817.00 | | | | |
| Printing & Stationary -Org | 11542.00 | | | | |
| Refreshment | 1750.00 | | | | |
| Repair & Maint. | 63815.00 | | | | |
| Staff Welfare | 18498.00 | | | | |
| Telephone Expenses | 7574.00 | | | | |
| Traveling Exp. (Org.) | 5750.00 | | | | |
| Web Site Exp. | 104700.00 | 702782.00 | | | |
| **Other Expenses** | | | | | |
| Audit Fees | 17700.00 | | | | |
| Bank Charges | 1323.96 | | | | |
| Depreciation | 12281.00 | 31304.96 | | | |
| Excess of Income Over expenditure | | 626388.04 | | | |
| | | 2971947.00 | | | 2971947.00 |

As per our separate Audit Report of Even date attached

for Nag Mallik & Associates
Chartered Accountant

for Bengal Association

Mihir Kumar Nag
(Proprietor)
Membership No.:081833
FRN : 06166N
Place: New Delhi
Date : 12.05.2022
UDIN : 22081833AIVLAL8311

Treasure

Secretary

## BENGAL ASSOCIATION
## DETAIL OF FIXED ASSETS AS ON 31ST MARCH 2022

| Particulars | W.D.V as on 1.4.2021 | Addition for the year | Gross Total as on 31.03.2022 | Depreciation for the year | W.D.V as on 31.3.2022 |
|---|---|---|---|---|---|
| Computer | 1694.78 | 0.00 | 1694.78 | 678.00 | 1016.78 |
| Microphone | 489.49 | 0.00 | 489.49 | 73.00 | 416.49 |
| Mobile Phone | 772.71 | 0.00 | 772.71 | 116.00 | 656.71 |
| Office Equipment | 6719.13 | 0.00 | 6719.13 | 1008.00 | 5711.13 |
| Other Assets | 38821.17 | 0.00 | 38821.17 | 5823.00 | 32998.17 |
| Refrigerator | 0.00 | 9800.00 | 9800.00 | 1470.00 | 8330.00 |
| Television | 0.00 | 41500.00 | 41500.00 | 3113.00 | 38387.00 |
| TOTAL | 48497.28 | 51300.00 | 99797.28 | 12281.00 | 87516.28 |

**for Bengal Association**

Treasurer

Secretary

BENGAL ASSOCIATION

**Schedule 'A'**

**Notes to Accounts forming part of the Balance Sheet as at 31.03.2022**

1) **Significant Accounting Policies**

Basis of preparation of Financial Statements

The Books of accounts have been prepared following Mercentile Basis of accounting and recognizes significant items of income and expenditure on actual basis.

The grants and donations are recognized only when received by the society.

Fixed Assets

Fixed Assets are stated at cost of acquisition less depreciation.

Depreciation

Depreciation on fixed assets have been provided on the written down basis and according to the rates specified in the Income Tax Act.

As per our separate Audit Report of even date attached

**As per our separate Audit Report of Even date attached**

for **Nag Mallik & Associates**
Chartered Accountant

**for Bengal Association**

Treasure

Secretary

**Mihir Kumar Nag**
**(Proprietor)**
**Membership No.:081833**
**FRN.: 05165N**
**Place: New Delhi**
**Date : 12.05.2022**
**UDIN : 22081833AIVLAL8311**

# NAG MALLIK &ASSOCIATES

Chartered Accountants
I-1691 C.R. Park
New Delhi 110019

Phone : 011- 41603726, 41603779
Fax : 011- 26275692
e-mail : nma.assoc@gmail.com


## AUDITOR'S REPORT

The Members,
Bengal Association
18-19 Bhai Vihar singh marg, Gole Market
New Delhi-110001

We have audited the attached Balance Sheet of " Bengal Association " New Delhi as at 31st March, 2022 and the relevant Income and Expenditure Account for the period ended on that date, both of which we have signed under reference to this report. These financial statements are the responsibility of the management of Bengal Association. Our responsibility is to express an opinion on these financial statements based on our audit and report that:

1. We have conducted our audit in accordance with auditing standards generally accepted in India. Those standards require that we plan and perform the audit to obtain reasonable assurance about whether the financial statements are free of material misstatement[s]. An audit includes examining, on test basis, evidence supporting the amounts, and disclosures in the financial statements. An audit also includes assessing the accounting principles used and significant estimates made by the management, as well as evaluating the overall presentation of the financial statements. Based on above, we believe that our audit report provides a reasonable basis of our opinion subject to notes to accounts.
2. Further we report that:
   a) We have obtained all the information and explanations, which to the best of our knowledge and belief were necessary for the purpose of our audit.
   b) In our opinion, proper books of accounts as required by law have been kept by the Society so far as it appears from our examination of books and records.
   c) The Balance Sheet and the Income and Expenditure Account are in agreement with the books of accounts presented before us.
   d) In our opinion Income and Expenditure Account and Balance Sheet comply with the accounting guidelines as adopted by the Society.
   e) In our opinion and to the best of our information and according to the explanations given to us, the said Balance Sheet andthe Income and Expenditure Accountread together with the schedules and notes thereon give a true and fair view:

I. In so far as it relates to the Balance Sheet of the state of affairs of the Trust as at 31st March, 2022.

And

II. In so far as it relates to the Income and Expenditure Account of the income of the Trust for the year ended on that date.

**For Nag Mallik & Associates**
**Chartered Accountants**

Mihir Kumar Nag
(Proprietor)
(M. No.:081833)
(FRN. 05165N)
Place: New Delhi
Date: 12.05.2022
UDIN: 22081833AIVLAL8311

# বেঙ্গল অ্যাসোসিয়েশন

– Banga Sanskriti Bhawan – – Muktadhara Auditorium –

– Art Gallery – – Book Shop – – Conference Room –

– Theatre Festival – – Banga Sanskriti Utsav –

– Bengali Film Festival – – Boi Mela –

– National School Chorus Competition of Patriotic Songs –

– World Theatre Day – – Rabindra Jayanti –

– Music & Literary Forums – – School Competition –

– Skill Development Initiatives – – Health Campus –

– Education for Economically Weaker Section –

– Free Legal Aid – – Digangan Magazine –

– Matir Taney Matir Gaan Baul Mela, Lok Sangeet –

**Bengal Association**
Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi – 110001
Phone: - 23344808
Email: - bengalassociation1819@gmail.com
Website: - www.bengalassociation.com